# বিএনপি'র দৃষ্টিতে নির্বাচনের রোডম্যাপ ইতিবাচক অগ্রগতি: আমীর খসরু মাহমুদ চৌধুরী




সংগৃহীত ছবি

নির্বাচন কমিশনের ঘোষিত ভোটের রোডম্যাপকে স্বাগত জানিয়েছে বিএনপি। স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, জাতি এখন নির্বাচনমুখী এবং ভোটের মাধ্যমে অর্থনীতি ও রাষ্ট্র গঠনে নতুন সূচনা হবে। বিএনপির লক্ষ্য আগামী ১৮ মাসে এক কোটি মানুষের কর্মসংস্থান সৃষ্টি করা।

বিএনপি নির্বাচন কমিশনের ঘোষিত ভোটের রোডম্যাপকে ইতিবাচকভাবে গ্রহণ করেছে। বৃহস্পতিবার (২৮ আগস্ট) রাজধানীর একটি হোটেলে আয়োজিত এক আলোচনা সভায় দলের স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, "মানুষ এখন নির্বাচনমুখী হয়ে উঠছে। জাতি ধীরে ধীরে ভোটের দিকে এগোচ্ছে। নির্বাচন হলে দেশের অর্থনীতিতে বড় ধরনের পরিবর্তন আসবে। রাজনীতির সময় শেষ, এখন রাষ্ট্র ও জাতি গঠনের সময়।"

তিনি আরও বলেন, জনগণ একটি জবাবদিহিমূলক সরকার চায়। নির্বাচনের পর অর্থনীতি শক্তিশালীকরণ ও দক্ষতা উন্নয়ন হবে প্রধান লক্ষ্য। বিএনপির পরিকল্পনা অনুযায়ী, আগামী ১৮ মাসে এক কোটি মানুষের কর্মসংস্থান নিশ্চিত করার প্রস্তুতি নেওয়া হয়েছে। তবে এজন্য সব অংশীজনের সমন্বিত প্রস্তুতি অপরিহার্য।

LENS ASIA

এর আগে, রাজধানীর আরেকটি অনুষ্ঠানে আমীর খসরু বলেন, রাজনীতিতে সব দলের জন্য সমান সুযোগ নিশ্চিত করতে হবে। যে দল জনগণের প্রত্যাশা পূরণে ব্যর্থ হবে, তারা ভবিষ্যতে অপ্রাসঙ্গিক হয়ে পড়বে।